

শিক্ষা সচিবের সাথে যতবিনীত  
**মাদরাসা শিক্ষার  
উন্নয়নে সরকার সম্ভাব্য  
সবকিছু করেছে**  
-জমিয়াতুল মোদারেছীন

□ স্টাফ রিপোর্টার  
গতকাল সোমবার বিকাল ৫টায় শিক্ষামন্ত্রণালয়ে শিক্ষা সচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরীর সাথে জমিয়াতুল মোদারেছীনের মহাসচিব অধ্যক্ষ মাওলানা শাকীর আহমদ মোমতাজীর নেতৃত্বে সংগঠনের উচ্চপর্যায়ের এক প্রতিনিধি দলের বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে জমিয়াতুল মোদারেছীনের মহাসচিব বলেন, মাদরাসা শিক্ষার উন্নয়ন সরকার

**মাদরাসা শিক্ষার উন্নয়নে**

প্রথম পৃষ্ঠার পর  
আতিরিক্ততার সাথে যে সকল পদক্ষেপ গ্রহণ করেছেন তা অবিস্মরণীয় হয়ে থাকবে। তিনি ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়, মাদরাসা শিক্ষা অধিদপ্তর ও ইন্ডোম্যাট্রী মাদরাসা শিক্ষকদের বেতন- ভাতা প্রদানের দ্রুত পদক্ষেপ কামনা করেন এবং বেসরকারি শিক্ষক কর্মচারীদের দাবীর প্রতি ইতিবাচক মনোভাবের জন্য ধন্যবাদ জানান। বৈঠকে মাদরাসা শিক্ষার বিদ্যমান সমস্যাবলি নিয়ে বোলাফোনা আলোচনা হয়। আলোচনায় বর্তমানে ফাবিল তিন বৎসর কোর্স, ফাবিল, অনার্স কোর্স, কামিলের শিক্ষা কার্যক্রম নতুন যে সকল বিষয় সংযোজন করা হয়েছে ইরেজি ২০০ নম্বর কব্রাসহ মাদরাসার জনবল কাঠামো চাহিদার আলোকে তৈরী ও অনুমোদনের বিষয় গুরুত্বের সাথে স্থান পায়। মাদরাসা শিক্ষার মান ধরে রাখা এবং ক্রাস পরিচালনার জন্য বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ বিষয় শিক্ষা সচিব এ সময়ের সমাধানের আশাস প্রদান করেন। বৈঠকে উপস্থিত ছিলেন- জনাব আতোয়ার রহমান অতিরিক্ত সচিব শিক্ষামন্ত্রণালয় (মাদরাসা ও কারিগরি), জনাব নজরুল ইসলাম- উপসচিব (মাদরাসা)। জমিয়াতুল মোদারেছীনের মধ্যে উপস্থিত ছিলেন, ড. এ. কে. এম. হাবিবুর রহমান, অধ্যক্ষ হাফেজ কালী আবদুল মালেক রেজাউ, অধ্যক্ষ মাওলানা মোকাদ্দাসুল ইসলাম, অধ্যক্ষ মাওলানা হোসাইন আহমদ।